

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
ওসমানীনগর, সিলেট।

স্মারক নং- ৫২.০১.৯১৬০.০০০.০৩.০০২.১৬-

তারিখ- ২১/০১/২০২০ খ্রি।

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিফ্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের ইউনিয়ন ভিত্তিক প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধু ওসমানীনগর উপজেলায় (সিলেট জেলাধীন) স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুবমহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের সংস্থান অনুযায়ী প্রশিক্ষণ, পারিতোষিক ভাতাদি প্রাপ্য হবেন।	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ডার্সন ৬.০ বা তদুর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪৫ বৎসরের মধ্যে হতে হবে। ৫) ইংরেজি হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition (ICR) ফরমের সঙ্গে সংগতিপূর্ণ হতে হবে। ৬) উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। ৭) সরকারি/বেসরকারি চাকুরিরত প্রার্থীদের আবেদন গ্রহণযোগ্য নয়।
০২)	তালিকাকারী /গণনাকারী	প্রকল্পের সংস্থান অনুযায়ী প্রশিক্ষণ, পারিতোষিক ভাতাদি প্রাপ্য হবেন।	১) ন্যূনতম এইচ এস সি/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ডার্সন ৬.০ বা তদুর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৫) ইংরেজি হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition (ICR) ফরমের সঙ্গে সংগতিপূর্ণ হতে হবে। ৬) উপযুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। ৭) সরকারি/বেসরকারি চাকুরিরত প্রার্থীদের আবেদন গ্রহণযোগ্য নয়।

শর্তাবলী:

- ০১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ওসমানীনগর, সিলেট এর ওয়েবপোর্টাল www.osmaninagar.sylhet.gov.bd অথবা স্ব স্ব ইউনিয়নের ডিজিটাল সেন্টার (UDC) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক স্বহস্তে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে।
- ০২) লিফ্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট (৩৫০-৪০০) টি খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট (১০০- ১২০) টি খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ০৩) সুপারভাইজার ও গণনাকারীর পদ সংখ্যা ইউনিয়ন এর মৌজা/মহল্লা/গ্রামের জনসংখ্যার প্রাপ্যতা অনুযায়ী নির্ধারিত হবে।
- ০৪) লিফ্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- ০৫) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে এবং প্রতিটি জোনে কমপক্ষে ৫০% মহিলা গণনাকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে।
- ০৬) লিফ্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতে ও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ০৭) লিফ্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ০৮) ডুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।
- ০৯) সকল পদের আবেদন ফরম আবদ্ধ খামের উপর ডান পার্শ্বে পদের নাম, নিজ ইউনিয়নের নাম এবং মৌজার নাম উল্লেখপূর্বক আগামী ২৮/০১/২০২০ খ্রি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আগামী ২৯/০১/২০২০ তারিখ হতে ৩০/০১/২০২০ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত লিখিত পরীক্ষার প্রবেশপত্র উপজেলা পরিসংখ্যান অফিস হতে সংগ্রহ করা যাবে।
- ১০) আগামী ৩১/০১/২০২০ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকায় লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার কেন্দ্রের নাম পরীক্ষার প্রবেশপত্রে উল্লেখ থাকবে।
- ১১) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় প্রযোজ্য ক্ষেত্রে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১২) লিফ্টিং অপারেশনের জন্য উত্তীর্ণ প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে ও ওয়েব পোর্টালে এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- ১৩) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক ভাবে বাতিল হয়ে যাবে।
- ১৪) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
- ১৫) নিয়োগ সংক্রান্ত বিষয়ে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



মোছাঃ তাহমিনা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ওসমানীনগর, সিলেট।

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন
কমিটি
ওসমানীনগর, সিলেট।